

পরিত্রাজক

ফুল তার প্রিয় খুব
আর প্রিয় নারী
সবুজ দ্বীপের খোঁজে
ডিঙা ভাসায় জলে সংসার আনাড়ি।

আকাশ পাঠায় চিঠি
মরু ও পাহাড়
আঙিনায় নৃত্য করে।

অপরাহ্নে যদি
বাতাসে মাতন লাগে
আলোয় আলোয় সাজে মেঘের মিনার,
সে তখন বোবা চোখ, মুগ্ধ বালক
বেমালুম ভুলে যাওয়া ইহ - পরলোক
সে তখন খড়কুটো, পাখির পালক।

ফুল তার প্রিয় খুব
আর প্রিয় নারী
মহাজীবনের ডাকে
জন্ম পথিক হাঁটে
কচ্ছ থেকে কন্যাকুমারী।

সনৎ বসু